# ২০২৩
# বাংলা
## (অনার্স)
### (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)
### প্রথম সেমেস্টার
### প্রথম পত্র : BNGH-CC-T-1
### (বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব-১ম ভাগ)
### (Old CBCS Syllabus)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ধর্মপূজার প্রবর্তক কাকে বলা হয়? 'শূন্যপুরাণ'-এর আর কী কী নাম পাওয়া যায়?

খ) 'নন্দের নন্দন কৃষ্ণ মোর প্রাণনাথ' — কার লেখা কোন্ কাব্যের অংশ? কোন্ শতাব্দীতে এই কাব্য রচিত হয়?

গ) 'বড়ু' কথাটির অর্থ কি? 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ভণিতায় কবি নিজেকে কোন্ দেবীর উপাসকরূপে চিহ্নিত করেছেন?

ঘ) কোন্ বৈষ্ণব কবিকে 'কবি সার্বভৌম' বলা হয়? তিনি কোন্ ভাষায় কাব্য রচনা করেন?

ঙ) পূর্ববঙ্গধারার দু'জন মনসামঙ্গল কবির নাম লেখো।

[পরের পাতায়]

চ) ‘গুজরাট নগরপত্তন’ অংশ কোন্ মঙ্গলকাব্যে পাওয়া যায়? নিদয়ার পুত্রের নাম কী?

ছ) বাংলা ভাষায় মহাভারতের প্রথম অনুবাদক কবি কে ছিলেন? তাঁর কাব্যের নাম কী?

জ) ‘আত্মেন্দ্রিয় প্রীতি ইচ্ছা তারে বলি কাম।

কৃষ্ণেন্দ্রিয় প্রীতি ইচ্ছা ধরে প্রেম নামা’।

— কোন্ গ্রন্থে রয়েছে এবং কার লেখা?

ঝ) ধর্মমঙ্গল কাব্যধারায় সর্বপ্রথম মুদ্রিত গ্রন্থ কোনটি? গ্রন্থটির রচয়িতা কে?

ঞ) ‘প্রেম বিনে ভাব নাহি, ভাব বিনে রস

ত্রিভুবনে যত দেখ প্রেম হস্তে বশ।’

—কার লেখা, কোন্ কাব্যের অংশ?

ট) ঘৃষ্টধ্বনি কাকে বলে? উদাহরণ দাও।

ঠ) সুমেরীয় বাণমুখ লিপির অপর নাম বলো। ভারতবর্ষের প্রাচীনতম দুটি লিপিমালা কী কী?

ড) প্রাচীন বাংলা ভাষার একটি ধ্বনিতাত্ত্বিক ও একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

ঢ) বিবৃত স্বরধ্বনি ও সংবৃত স্বরধ্বনি কি? উদাহরণ দাও।

ণ) আদি-মধ্য বাংলা ভাষার একটি রূপতাত্ত্বিক ও ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) শাক্ত পদ রচনায় কমলাকান্ত ভট্টাচার্য কোথায় স্বতন্ত্র, তা বুঝিয়ে লেখ।

খ) কৃত্তিবাসী রামায়ণের মৌলিক দিকগুলি আলোচনা করো।

গ) বাংলা সাহিত্যের ইতিহাসে বিদ্যাপতিকে অন্তর্ভুক্ত করা হয় কেন সে বিষয়ে তোমার মতামত দাও।

ঘ) বাংলা সাহিত্যের ইতিহাসে দৌলত কাজীর ‘সতীময়না ও লোরচন্দ্রাণী’ কাব্যের গুরুত্ব বিবৃত করো।

ঙ) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

চ) কুটিল লিপি থেকে কীভাবে বাংলা লিপির উদ্ভব হয়েছে, তা আলোচনা করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) প্রাচীন বাংলার সময়সীমা উল্লেখ করে এই পর্বের বাংলাভাষার সাধারণ বৈশিষ্ট্যগুলির বর্ণনা দাও।

খ) বাঙালি সমাজ ও বাংলা সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব আলোচনা করো।

গ) বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশের ধারাটি বর্ণনা করো।

ঘ) আদি-মধ্যযুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।